

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও ।
দ্বাদশ(২০১৯-২০২০) শ্রেণীর সৃজনশীল প্রশ্ন-অ্যাসাইনমেন্ট ২০২১
বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন

বিষয় কোড- ২৬৯,২৭০
(যে কোন ৩ টি প্রশ্নের উত্তর দাও) ।

পূর্ণমানঃ ৩০
৩×১০=৩০

১. আব্দুল হালিম আফ্রিকার সামরিক বাহিনী শাসিত একটি অনুন্নত দেশের নাগরিক। তার দেশে রয়েছে দুর্নীতি, রাজনৈতিক অস্থিতিশীলতা, জাতিগত দাঙ্গা, অর্থনৈতিক বৈষম্য দারিদ্র্য ইত্যাদি নানা সমস্যা। তবে বর্তমানে শিক্ষাবিস্তারের ফলে নাগরিকদের মধ্যে সচেতনতা বেড়েছে এবং রাজনৈতিক দলগুলো ও সুশীল সমাজ উক্ত সমস্যাগুলো সমাধানে খুবই আগ্রহী।
- ক. সুশাসন কী ? ১
- খ. সুশাসন কীভাবে আইনের শাসন নিশ্চিত করে ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত রাষ্ট্রটিতে সুশাসনের কোন্ কোন্ বৈশিষ্ট্যের অভাব রয়েছে ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আব্দুল হালিম- এর রাষ্ট্রটিতে কীভাবে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব ? বিশ্লেষণ কর। ৪
২. জন কেরির দেশে নারী-পুরুষের বৈষম্য নেই। তারা সকলেই স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারে। রাজনৈতিক স্থিতিশীলতা, আইনের শাসন বিদ্যমান। রাজনীতিতে সামরিক হস্তক্ষেপ ও স্বজনপ্রীতি নেই। নাগরিকরা দেশের আইন মেনে চলে, স্থানীয় ও জাতীয় পর্যায়ে রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে।
- ক. আইনসভা কী ? ১
- খ. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র বলতে কী বুঝায় ? ২
- গ. জন কেরির দেশে কোন ধরনের শাসন বিদ্যমান ? এ শাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত “ শাসনব্যবস্থা দোষ ত্রুটির উর্দ্ধে নয়” - বিশ্লেষণ কর। ৪
৩. এদেশের একজন কৃতি সন্তান প্রথম জীবনে শিক্ষকতা এবং পরে ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর পদে চাকরি লাভ করেছিলেন। ব্রিটিশ সরকার তাঁর কাজে খুশি হয়ে আইন সভার সদস্য, বিশ্ববিদ্যালয় সিনেট সভার সদস্য এবং আরো পরে ‘নবাব’ খেতাবে ভূষিত করেন। তিনি মুসলমান জনগণের জন্য সাহিত্য সংগঠন প্রতিষ্ঠা, মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণ এবং শিক্ষা বিস্তারে অনেক অবদান রেখেছেন। অনেকে এজন্য তাঁকে ‘বাংলার সৈয়দ আহমদ’ বলে অভিহিত করেন।
- ক. তিতুমীর কে ছিলেন ? ১
- খ. লাহোর প্রস্তাবের মূল কথা কী ছিল ? ২
- গ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন্ মনীষীর তুলনা চলে ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির মতোই এদেশের কোন্ মনীষীকে কেন বাংলার ‘সৈয়দ আহমদ’ বলা হয়ে থাকে ? ৪
- বিশ্লেষণ কর।
৪. ‘রাজনীতিতে কবি’ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চ রেসকোর্স ময়দানে ঘোষণা করেন, ‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম’। রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেব, এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ’।
- ক. কে, কখন, কোথায় ৬ দফা কর্মসূচি ঘোষণা করেন ? ১
- খ. কাঁর নেতৃত্বে, কত সালে ‘ আওয়ামী মুসলিম লীগ’ থেকে ‘ মুসলিম’ শব্দ অপসারিত হয় এবং ‘ আওয়ামী লীগ’ নামক একটি অসাম্প্রদায়িক দলের উদ্ভব ঘটে ? ২
- গ. ৬ দফাকে ‘বাঙ্গালীর মুক্তি সনদ’, ‘বাঙ্গালির ম্যাগনাকার্টা’ বলার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৩
- ঘ. ‘ স্বাধীনতার ঘোষক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব ছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি’- উক্তিটির যথার্থতা নির্ণয় কর। ৪
৫. ৬ মার্চ রাত ১২ টার পর থেকে রেডিও- টেলিভিশনে প্রচারিত হতে শুরু করলো একটি ভাষণ। বক্তার কণ্ঠস্বরকে বজ্রকণ্ঠ বললেও যথেষ্ট বলা হয় না। বাড়ির ছোট্ট ছেলে সুহদ ও সুহাস তাদের দাদুকে জিজ্ঞেস করলো- কে বক্তৃতা করছেন ? তাদের দাদু বললেন - ইনি জাতির পিতা । তিনি সমগ্র বাঙ্গালি জাতিকে জাগিয়ে তুলেছিলেন । তাঁর ডাকেই বাঙ্গালি জনগণ দীর্ঘ ৯ মাস যুদ্ধ করে বাংলাদেশকে স্বাধীন করেছেন ।
- ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন, কোথায় জনগ্রহণ করেন ? ১
- খ. ‘ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ সম্পর্কে কী জান ? ২
- গ. বঙ্গবন্ধু ঘোষিত ৬ দফা ও ছাত্র সংগ্রাম পরিষদের ১১ দফা কর্মসূচির মধ্যে সাদৃশ্য উল্লেখ কর। ৩
- ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের গুরুত্ব নির্ণয় কর। ৪